ইত্তেফাক

তারিখ ... 17/8/83

পৃষ্ঠা ... 3 ... কলাম 2 ...



# প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ বিধির অবশিষ্টাংশ

উপজেলা পরিষদের হাতে প্রাথমিক শিক্ষক নিয়োগের দায়িত্ব অর্পণ সম্বলিত নিয়োগ বিধির বাসস প্রদত্ত খবরের অংশবিশেষ গতকাল ছাপা হইয়াছে। আজ অবশিষ্টাংশ প্রদত্ত হইল :

উপজেলা পরিষদের চেয়ারম্যানকে চেয়ারম্যান, থানা শিক্ষা কর্মকর্তাকে সদস্য সচিব, মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক ও একজন প্রধান শিক্ষয়িত্রী সদস্য, উপজেলার একজন কর্মকর্তা ও উপজেলার মনোনীত একজন সদস্য নিয়া মনোনয়ন ও পদোন্নতি কমিটি গঠন করা হইবে।

এখনও উন্নীত হয় নাই এমন থানাগুলির ক্ষেত্রে মহকুমা কর্মকর্তা কমিটির প্রধান হইবেন এবং ঢাকা ও চট্টগ্রাম পৌর কর্পোরেশন এবং রাজশাহী ও খুলনা পৌরসভার আওতাধীন এলাকার ক্ষেত্রে বিশেষে মেয়র, চেয়ারম্যান বা প্রশাসক কমিটির চেয়ারম্যান হইবেন।

নূতন নিয়োগ বিধির অধীনে সরাসরি বা পদোন্নতি উভয় ভাবেই নিয়োগ করা হইবে। সরাসরি নিয়োগের ক্ষেত্রে পুরুষ মহিলা প্রার্থীদের অনুপাত হইবে আধাআধি।

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের জন্য নির্ধারিত সর্বনিম্ন যোগ্যতা হইবে উচ্চ মাধ্যমিক

(৫ম পৃঃ দ্রঃ)

## প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক

(৩য় পৃঃ পর)

সার্টিফিকেট ও সার্টিফিকেট ইন এডুকেশন (পিটিআই) বা এস.এস.সি. বা এইচ এস সি-র একটিতে দ্বিতীয় বিভাগসহ সমতুল্য যোগ্যতা।

নিয়োগ বিধি অনুযায়ী ব্যাচেলর ডিগ্রী বা মাষ্টার্স ডিগ্রীধারীরাও প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসাবে নিয়োগের জন্য বৈধ বলিয়া বিবেচিত হইবেন।

বিধিতে অবশ্য স্পষ্টভাবে বলা হইয়াছে যে, তাহাদের বেতনের স্কেল তাহাদের শিক্ষাগত যোগ্যতার উপযুক্ত হইবে।

এস এস সি পাস প্রার্থী যাহারা ১৯৮১ সালের পূর্বে সার্টিফিকেট অব এডুকেশন লাভ করিয়াছেন এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে দ্বিতীয় বিভাগে এস এস-সি সর্বনিম্ন যোগ্যতা নির্ধারণ করা হইয়াছে।